তারিখ ... 17 JUL 1991 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

22

## চারটি বোর্ডের এইচ এস সি পরীক্ষা

গত ৩০শে জুন কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষা শুরু হয়। কিন্তু দুঃখের বিষয়, ইংরেজী উভয় পত্র এবং গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে যাওয়ায় বোর্ড কর্তৃপক্ষ বাংলা বাদে অন্যান্য সকল বিষয়ের পরীক্ষা বাতিল ঘোষণা করেছেন। এ কারণে কুমিল্লা বোর্ডের এস এস সি পরীক্ষা আবারও পিছিয়ে যাচ্ছে। উল্লেখ্য, ইতিপূর্বে এস এস সি ও এইচ এসসি পরীক্ষা কখনো এক সঙ্গে এবং ৪টি বোর্ডের এইচ এস সি পরীক্ষা ভিন্ন ভিন্ন সময়ে অনুষ্ঠিত হয়নি। সে যাই হোক, ইতিমধ্যেই কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষার তারিখ ১২ই সেপ্টেম্বর বলে ঘোষণা করা হয়েছে। এবং পূর্বের ঘোষণা অনুযায়ী অন্যান্য বোর্ডের এইচ এস সি পরীক্ষা ২২শে আগস্ট এ অনুষ্ঠিত হওয়ার কথা। অর্থাৎ বাকী ৩টি বোর্ডের পরীক্ষা ১২ই সেপ্টেম্বরের আগেই শুরু হতে যাচ্ছে বলে ধারণা করা হচ্ছে। যদি তাই হয় তা হলে পরবর্তীতে উচ্চ-শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির প্রস্তুতির জন্য কুমিল্লা বোর্ডের এইচ এস সি পরীক্ষার্থীরা অন্যান্য বোর্ডের পরীক্ষার্থীদের চেয়ে সময় পাবে কম। কিন্তু সবার জন্য সমান প্রস্তুতি ও আমাদের সকল বোর্ডের পরীক্ষার্থীদের সমান সময় প্রয়োজন অর্থাৎ একই সময় পাওয়া প্রয়োজন। তাই একই সময়ে সকল বোর্ডের সঙ্গে এইচ এস সি পরীক্ষা অনুষ্ঠিত হওয়া বাঞ্ছনীয়। তাই এ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রী এবং ৪টি বোর্ডের উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করছি এবং একই সময়ে সকল বোর্ডের এইচ এস সি পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা করার জন্য আবেদন জানাচ্ছি।

সুমন
কুমিল্লা ভিক্টোরিয়া
কলেজ, কমিল্লা।